



নিয়োগ বিজ্ঞপ্তি
বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)
মিরপুর সেনানিবাস, ঢাকা- ১২১৬

স্মারক নং-১০০১/বিইউপি/১৪

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) এর জন্য নিম্নবর্ণিত স্থায়ী পদসমূহে নিয়োগের লক্ষ্যে জনসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছেঃ

ক্র/নং	পদের নাম, বেতন স্কেল, পদের সংখ্যা এবং সর্বোচ্চ বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	ক। পদের নাম : প্রভাষক (ব্যবসায় প্রশাসন অনুষদ) খ। বেতন স্কেল ১১,০০০/- ২০,৩৭০/- গ। পদের সংখ্যাঃ (১) পরিসংখ্যান-০১ (২) অর্থনীতি-০১ (৩) ম্যানেজমেন্ট/এমবিএ (মেজর ইন ম্যানেজমেন্ট)-০১ ঘ। সর্বোচ্চ বয়সসীমাঃ ৩৫	শিক্ষাগত যোগ্যতা : পরিসংখ্যান/অর্থনীতি/ম্যানেজমেন্ট বিষয়ে সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর (মাস্টার্স) ডিগ্রি অথবা স্নাতকসহ রেগুলার এমবিএ (Major in Management) ডিগ্রীধারী। এমফিল/সমমানের অথবা পিএইচডি/সমমানের ডিগ্রীধারী প্রার্থী অগ্রাধিকারযোগ্য। এসএসসি থেকে স্নাতকোত্তর (মাস্টার্স) ডিগ্রী পর্যন্ত ন্যূনতম ৩টি প্রথম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন তৃতীয় শ্রেণী/বিভাগ/সি গ্রেড গ্রহণযোগ্য হইবে না। বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষকতায় অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি অগ্রাধিকারযোগ্য।
২।	ক। পদের নাম : সেকশন অফিসার খ। বেতন স্কেলঃ ১১,০০০/- ২০,৩৭০/- গ। পদের সংখ্যাঃ ০৩ ঘ। সর্বোচ্চ বয়সসীমাঃ ৩০	শিক্ষাগত যোগ্যতা : যে কোন বিষয়ে ন্যূনতম চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা। উচ্চতর ডিগ্রী/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে যোগ্যতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য। শিক্ষা জীবনে কোন স্তরেই তৃতীয় শ্রেণী/বিভাগ/সি গ্রেড গ্রহণযোগ্য নহে। অভিজ্ঞতা : কোন বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/ডিগ্রী পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাধারী প্রার্থী অগ্রাধিকারযোগ্য।

শর্তাবলীঃ

- ১। অগ্রাধী প্রার্থীদের দরখাস্ত স্বহস্তে পূরণ করিয়া ডাকযোগে ২২ জানুয়ারি ২০১২ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে (১৪৩০ ঘটিকায়) রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬ ঠিকানায় পৌছাইতে হইবে। হাতে হাতে আবেদন পত্র জমা গ্রহণযোগ্য নহে।
- ২। প্রভাষক পদের জন্য ফরম নং-২ ও সেকশন অফিসার পদের জন্য ফরম নং-৩ প্রযোজ্য। ফরম ডাউনলোড করিয়া আবেদন করা যাইবে, অন্যথায় ২৫ টাকা নগদ প্রদান পূর্বক রেজিস্ট্রার শাখা থেকে ফরম গ্রহণ করা যাইবে।
- ৩। রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) এর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনের সঙ্গে সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।
- ৪। সদ্যতোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি রসিদ সত্যায়িত ছবি সংযুক্ত করিতে হইবে।
- ৫। সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট, মার্কশীট এবং প্রশংসাপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।
- ৬। অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।
- ৭। রেজিস্ট্রার ডাকযোগে এ্যাডমিট কার্ড পাঠানোর জন্য প্রার্থীর ঠিকানা সম্বলিত ৪"X৮" সাইজের খাম সংযুক্ত করিতে হইবে।
- ৮। জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) / জাতীয়তা সনদপত্র তার সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।
- ৯। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করিতে হইবে।
- ১০। মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যাদের কোটার প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি ও অন্যান্য বিশেষ কোটার ক্ষেত্রে নিজ নিজ জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সত্যায়িত সংশ্লিষ্ট সার্টিফিকেটের কপি আবেদনের সাথে সংযুক্ত করিতে হইবে। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা অনুসরণ করা হইবে।
- ১১। আবেদনের শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চসীমার মধ্যে থাকিতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে নির্ধারিত বয়সসীমা ০২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।
- ১২। খামের উপর প্রার্থিত পদের নাম উল্লেখ করিতে হইবে।
- ১৩। দুই কপি আবেদনপত্র (প্রযোজ্য সকল কাগজপত্রসহ) দাখিল করিতে হইবে।
- ১৪। চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে।
- ১৫। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।
- ১৬। আবেদনপত্র এবং অন্যান্য কাগজপত্র ফেরৎ দেওয়া হইবে না।
- ১৭। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোন ধরণের সুপারিশ অযোগ্যতা হিসাবে গণ্য হইবে।

১৮। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদন গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৯। লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষার তারিখ ডাকযোগে পত্র মারফত এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের মাধ্যমে জানানো হইবে।

২০। কর্তৃপক্ষ উল্লেখিত পদসমূহে হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

তারিখঃ ১৭ ডিসেম্বর ২০১১

রেজিস্ট্রার

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি)